

💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৬৭২

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند على بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا أَبُو سَعِيد، مَوْلَى بَنِي هَاشِم، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ مُسْلِم الْعَبْدِيُّ، حَدَّثَنَا أَبُو كَثِير، مَوْلَى الْأَنْصَارِ، قَالَ: كُنْتُ مَعَ سَيِّدِي عَلِيِّ بْنِ أَبِي طَالِب، حَيْثُ قُتِلَ أَهْلُ النَّهْرَوَانِ فَكَأَنَّ النَّاسَ وَجَدُوا فِي أَنْفُسِهِمْ مِنْ قَتْلِهِمْ فَقَالَ: عَلِيٌّ: يَا أَيُّهَا النَّاسُ، إِنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ " حَدَّثَنَا بِأَقْوَامٍ يَمْرُقُونَ مِنَ الدِّينِ كَمَا يَمْرُقُ السَّهْمُ مِنَ الرَّمِيَّةِ، ثُمَّ لَا عَرْجِعُونَ فِيهِ أَبِدًا، حَتَّى يَرْجِعُ السَّهْمُ عَلَى فُوقِهِ، وَإِنَّ آيَةَ ذَلِكَ أَنَّ فِيهِمْ رَجُلًا أَسْوَدَ مُخْدَجَ الْيَدِ، إِحْدَى يَدَيْهِ كَثَدْي الْمَرْأَةِ، لَهَا حَلَمَةٌ كَحَلَمَةِ ثَدْي الْمَرْأَةِ، حَوْلَهُ سَبْعُ هُلْبَاتٍ ". فَالْتَمسُوهُ فَإِنِّي أُرَاهُ فِيهِمْ. فَالْتَمَسُوهُ، فَوَجَدُوهُ إِلَى شَفِيرِ النَّهَرِ تَحْتَ الْقَتْلَى، الْعَرْجُونُ فَإِنِّي أُرَاهُ فِيهِمْ. فَالْتَمَسُوهُ، فَوَجَدُوهُ إِلَى شَفِيرِ النَّهَرِ تَحْتَ الْقَتْلَى، الْعَرْجُوهُ وَالْبَيْ أُرَاهُ فِيهِمْ. فَالْتَمَسُوهُ، فَوَجَدُوهُ إِلَى شَفِيرِ النَّهَرِ تَحْتَ الْقَتْلَى، قَقَالَ: اللهُ أَكْبَرُ، صَدَقَ اللهُ وَرَسُولُهُ. وَإِنَّهُ لَمُتَقَلِّدٌ قَوْسًا لَهُ عَرَبِيَّةً، فَأَنْ اليَدِهِ، فَجَعَلَ يَطْعَنُ بِهَا فِي مُخْدَجَتِهِ وَيَقُولُ: صَدَقَ اللهُ وَرَسُولُهُ وَرَسُولُهُ، وَكَبَّرَ النَّاسُ حَيْنَ رَأُوهُ وَاسْتَبْشَرُوا، وَذَهَبَ عَنْهُمْ مَا كَانُوا يَجِدُونَ

حسن لغيره، وهذا إسناد ضعيف، أبو كثير مولى الأنصار لا يعرف بجرح ولا تعديل ولم يرو عنه غير إسماعيل بن مسلم العبدي، وباقي رجاله ثقات رجال الصحيح وأخرجه الحميدي (59) ، وأبو يعلى (478) من طريقين عن إسماعيل بن مسلم، بهذا الإسناد

وانظر (616) و (626) و (706) و (848) و (1179) وفي الباب عن أبي سعيد الخدري عند مسلم (1064) ، وعن جابر عنده أيضاً (1063)

الرّمِيَّة: هي التي يرميها الرامي من الصيد الفُوق: هو موضع الوتر من السهم



المُخْدَج: ناقص الخلق وهَلَبات، بفتح الهاء واللام: أي شعرات أو خصلات من الشعر

বাংলা

৬৭২। আনসারদের মুক্ত দাস আবু কাছীর বলেছেন, নাহরাওয়ানবাসীকে যখন হত্যা করা হয়, তখন আমি আমার মনিব আলী (রাঃ)-এর সাথে ছিলাম। তখন মনে হচ্ছিল, তাদের হত্যাকাণ্ডে জনগণ বিক্ষুব্ধ ও ক্রুদ্ধ ছিল। তাই আলী (রাঃ) বললেনঃ হে জনতা, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে জানিয়েছেন, এক শ্রেণীর লোক ইসলাম থেকে এরূপ দ্রুত গতিতে বেরিয়ে যাবে, যেরূপ দ্রুত ধনুক থেকে তীর বেরিয়ে যায় এবং আর কখনো ফিরে আসবে না, যেমন তীর তার ধনুকে ফিরে আসে না। এর নিদর্শন হলো, তাদের মধ্যে এমন একজন কালো মানুষ থাকবে, যার হাতের গঠন অসম্পূর্ণ। তার একখানা হাত মহিলাদের স্তনের মত। সে হাতখানিতে মহিলার স্তনের বোটার মত একটা বোঁটা থাকবে। তার পাশে সাতটি লোমগুচ্ছ থাকবে। সুতরাং তোমরা তাঁকে খুঁজে দেখ। আমার মনে হচ্ছে, এই নিহতদের মধ্যেই সে আছে।

তখন লোকেরা তাকে খুঁজলো। কিছুক্ষণের মধ্যেই নদীর তীরে নিহতদের লাশের নিচে তাঁকে পেল এবং তাকে টেনে বের করলো। তাকে দেখেই আলী (রাঃ) আল্লাহু আকবার বলে উঠলেন এবং বললেনঃ আল্লাহ ও তাঁর রাসূল অবশ্যই সত্য বলেছেন। তখন তাঁর কাঁধে আরবীয় ধনুক ছিল। সেটি তিনি হাতে নিলেন এবং তা দিয়ে তার হাতের অসম্পূর্ণতার স্থানটিতে খোঁচা দিয়ে বললেনঃ আল্লাহ ও তাঁর রাসূল সত্য বলেছেন। লোকেরা তাকে দেখে আল্লাহু আকবার ধ্বনি দিল। উল্লাস প্রকাশ করলো এবং তাদের মধ্যে যে ক্ষোভ ছিল তা প্রশমিত হলো।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন